সীমিত

জিএম (লোকাল অফিস) ঃ

সেনাসদর
এজি'র শাখা
বেতন ভাতা এবং হিসাব পরিদপ্তর
ঢাকা সেনানিবাস
দূরালাপনি ঃ সামরিক - ২৫৬২
ই-মেইল : ahqppadte@yahoo.com

২৩.০১.৯০১.০৪০.০২.৩৮০১.২২ কার্তিক ১৪২৫/ ২৯ অক্টোবর ২০১৮

**শতভাগ পেনশন সমর্পনকারী সশস্ত্র বাহিনীর পেনশনারগণের অবসরের ১৫ বছর পূর্তিতে পুনরায় পেনশন সুবিধা প্রদান প্রসংগে**

**বরাতঃ**

ক। অর্থ মন্ত্রণালয় পত্র নং অম/অবি/বিধি/পেনশন/৩-পি-২৬/৯৪/১৭ তারিখ ০১ জুন ১৯৯৪।

খ। প্রতিরক্ষা মন্ত্রণালয় পত্র নং-প্রম/ডি-১৯/১পেন-৩/৯৭/অংশ-২/৩০৫ তারিখ ০৪ ডিসেম্বর ২০০৩।

গ। অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ পত্র নং-০৭.০০.০০০০.১৭১.১৩.০১৩.১৪-১১৮/১(১০০) তারিখ ০৮ অক্টোবর ২০১৮ (সকলকে নয়)।

১। বরাত গ এর মাধ্যমে সরকার শতভাগ পেনশন সমর্পণকারী প্রজাতন্ত্রের অবসরপ্রাপ্ত কর্মচারীগণের আর্থিক ও সামাজিক সুরক্ষা নিশ্চিত করণার্থে অবসর গ্রহণের তারিখ হতে ১৫ বছর সময় অতিক্রান্তের পর তাদের মাসিক পেনশন পুনঃস্থাপনের সিদ্ধান্ত গ্রহণ করেছে, যা গত ০১ জুলাই ২০১৭ তারিখ হতে প্রযোজ্য হবে। উল্লেখ্য উক্ত প্রজ্ঞাপনের আলোকে নিয়মিত পেনশনারগণের ন্যায় শতভাগ পেনশন সমর্পণকারী অবসরভাতা ভোগীগণেরও ন্যূনতম মাসিক পেনশন হবে ৩,০০০ (তিন হাজার) টাকা এবং শতভাগ পেনশন সমর্পণকারী অবসরপ্রাপ্ত সরকারি কর্মচারীর ০১-০৭-২০১৭ তারিখে বা তার পরবর্তী সময়ে (প্রযোজ্য ক্ষেত্রে) যে পেনশন নির্ধারিত হবে তার উপর প্রতিবছর ১ জুলাই তারিখে ৫% হারে বার্ষিক ইনক্রিমেন্ট প্রাপ্য হবেন।

২। বরাত ক এর মাধ্যমে জুন ১৯৯৪ সালে সরকারী বেসামরিক কর্মকর্তা কর্মচারীদের শতভাগ পেনশন সমর্পনের সুবিধা প্রবর্তন করা হয়। অন্যদিকে বরাত খ এর মাধ্যমে ০৪ ডিসেম্বর ২০০৩ তারিখ হতে সশস্ত্র বাহিনীর সদস্যদের শতভাগ পেনশন সমর্পনের সুবিধা প্রবর্তন করা হয়। সামরিক বেসামরিক কর্মকর্তা কর্মচারীদের জন্য এ সুবিধা ৩০ জুন ২০১৭ তারিখ পর্যন্ত বলবৎ ছিল। শতভাগ পেনশন সমর্পনকারী পেনশনারগণের অবসরের ১৫ বছর পূর্তিতে পেনশন পুনঃস্থাপন সুবিধা সেনাবাহিনীর শতভাগ পেনশন কম্যুটকারীদের ক্ষেত্রে ডিসেম্বর ২০১৮ হতে কার্যকর হবে। সেনাবাহিনীর শতভাগ পেনশন কম্যুটকারীগণের পেনশন পুনঃস্থাপনের কার্যক্রম সুষ্ঠ ও গতিশীল প্রক্রিয়ায় সম্পাদনের নিমিত্তে সংশ্লিষ্ট ব্যাংক, রেকর্ডস, এফসি এবং এফপিও কার্যালয়সমূহের মধ্যকার প্রয়োজনীয় সমন্বয়ের মাধ্যমে নিম্নেবর্ণিত কার্যক্রম গ্রহণ করা যেতে পারেঃ

ক। **অবসরপ্রাপ্ত অফিসারদের জন্য।**

(১) **অফিসার রেকর্ড অফিস (কোরো)।** অফিসার্স রেকর্ড অফিস কর্তৃক সংশ্লিষ্ট অবসরপ্রাপ্ত অফিসারগণ অবসরকালীন শতভাগ পেনশন সমর্পণ না করলে যে পরিমান নীট পেনশন প্রাপ্য হতেন উহার ভিত্তিতে সময়ে সময়ে সরকার কর্তৃক ঘোষিত/জেএসআই এর মাধ্যমে বৃদ্ধিপ্রাপ্ত বর্ধিত পেনশন এবং বার্ষিক ৫% হারে ইনক্রিমেন্ট নীট পেনশনের সাথে যোগ করতঃ পেনশন নির্ধারণী ছক এফসি (আর্মি) পে-১ এর কার্যালয়ে প্রেরণ করবে। এ ব্যাপারে বরাত গ এর ফটোকপি এতদসংগে প্রেরণ করা হলো।

(২) **এফসি (আর্মি) পে-১ এর কার্যালয়।** অফিসার রেকর্ড অফিস (কোরো) হতে প্রাপ্ত তথ্যাদির ভিত্তিতে এফসি (আর্মি) পে-১ এর কার্যালয় কর্তৃক উক্ত পেনশন নির্ধারণী ছক নিরীক্ষাপূর্বক সংশ্লিষ্ট অবসর গ্রহণকারী অফিসারগণের অনুকূলে সংশোধিত পিপিও জারী করতঃ সংশ্লিষ্ট ব্যাংকসহ সকলের বরাবরে প্রেরণ করতে হবে। এফসি (আর্মি) পে-১ কর্তৃক প্রেরিতব্য সংশোধিত পিপিও অনুযায়ী সংশ্লিষ্ট ব্যাংক শাখা কর্তৃক পেনশনারদেরকে প্রচলিত নিয়মে পেনশন পরিশোধ করবে। এ ব্যাপারে বরাত গ এর ফটোকপি এতদসংগে প্রেরণ করা হলো।

খ। **অবসরপ্রাপ্ত জেসিও/ওআরদের জন্য।**

(১) **সংশ্লিষ্ট রেকর্ডস।** রেকর্ডস কর্তৃক সংশ্লিষ্ট অবসরপ্রাপ্ত জেসিও/ওআরদের অবসরকালীন শতভাগ পেনশন সমর্পণ না করলে যে পরিমান নীট পেনশন প্রাপ্য হতেন উহার ভিত্তিতে সময়ে সময়ে সরকার কর্তৃক ঘোষিত/জেএসআই এর মাধ্যমে বৃদ্ধিপ্রাপ্ত বর্ধিত পেনশন এবং ৫% হারে ইনক্রিমেন্ট নীট পেনশনের সাথে যোগ করতঃ পেনশন নির্ধারণী ছক এফপিও এর কার্যালয়সমূহে প্রেরণ করবে। এ ব্যাপারে বরাত গ এর ফটোকপি এতদসংগে প্রেরণ করা হলো।

(২) **এফপিও এর কার্যালয়।** সংশ্লিষ্ট রেকর্ডস হতে প্রাপ্ত তথ্যাদির ভিত্তিতে এফপিও এর কার্যালয় কর্তৃক উক্ত পেনশন নির্ধারণী ছক নিরীক্ষাপূর্বক সংশোধিত পিপিও জারী করতঃ সংশ্লিষ্ট ব্যাংকসহ সকলের বরাবরে প্রেরণ করবে। এফপিও এর কার্যালয় কর্তৃক প্রেরিতব্য সংশোধিত পিপিও অনুযায়ী সংশ্লিষ্ট ব্যাংক শাখা কর্তৃক পেনশনারদেরকে প্রচলিত নিয়মে পেনশন পরিশোধ করবে। এ ব্যাপারে বরাত গ এর ফটোকপি এতদসংগে প্রেরণ করা হলো।

(৩) **এফসি (আর্মি) পে-২ এর কার্যালয়।** সেনাসদর, এজি'র শাখা, পিপিএন্ডএ পরিদপ্তর কর্তৃক জারীকৃত অত্র নির্দেশনা মোতাবেক প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য তাদের অধিনস্থ সকল এফপিও এর কার্যালয়সমূহকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করবে। এ ব্যাপারে বরাত গ এর ফটোকপি এতদসংগে প্রেরণ করা হলো।

৩। **শুধুমাত্র সিজিডিএফ এর কার্যালয়ের জন্য।** বরাত গ অনুযায়ী শতভাগ পেনশন সমর্পনকারী সশস্ত্র বাহিনীর সদস্যদের ১৫ বছর উর্ত্তীনের পর পেনশন পুনঃস্থাপন করা হলে সংশোধিত পিপিও জারী করার বিষয়ে কার্যক্রম গ্রহনের নিমিত্তে অফিসারদের জন্য এফসি (আর্মি) পে-১ এবং জেসিও/ওআরদের জন্য এফসি (আর্মি) পে-২ এর কার্যালয়কে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করতে অনুরোধ জানানো হলো। এ ব্যাপারে বরাত গ এর ফটোকপি এতদসংগে প্রেরণ করা হলো।



সীমিত

D:\PAY-2\G Drive\Pay-2 Sec\Appraisal Note\pension gononai ojoggo service - Copy.doc

